

ডেসটিনি ও যুবকের গ্রাহকরা ৬০ শতাংশ টাকা ফেরত পেতে পারেন: বাণিজ্যমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ডেইলি-বাংলাদেশ ডটকম

প্রকাশিত: ১৮:২০ ২৬ সেপ্টেম্বর ২০২১ আপডেট: ১৮:৩৬ ২৬ সেপ্টেম্বর ২০২১



বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি- ফাইল ছবি

মাল্টিলেভেল মার্কেটিং প্রতিষ্ঠান (এমএলএম) ডেসটিনি ও যুবকের প্রচারিত গ্রাহকেরা অন্তত ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত পেতে পারেন বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি।

রোববার বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন আয়োজিত ‘প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের ভূমিকা’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

বাণিজ্যমন্ত্রী বলেন, ডেসটিনি ও যুবকের অনেক সম্পদ রয়েছে। সম্পদগুলোর দামও বেড়েছে অনেক। ন্যায্যমূল্যে বিক্রি কল্পে যে টাকা পাওয়া যাবে তা দিয়ে গ্রাহকদের ৫০ থেকে ৬০ শতাংশ টাকা ফেরত দেওয়া যাবে।

তিনি বলেন, এ ব্যাপারে আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে কথা হয়েছে। আইনমন্ত্রী আমাকে বলেছেন, এটা আদালতের বিষয়। কাউকে (কোনো সংস্থা) দিয়ে সংযুক্ত করে ক্ষতিপূরণ দেওয়া যেতে পারে। আইন মন্ত্রণালয় এটা নিয়ে কাজ করছে।

বাণিজ্য মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গ্রাহকদের অন্তত সাত হাজার কোটি টাকা আটকে রেখেছে ডেসটিনি ও যুবকের মালিকপক্ষ।

ডেইলি বাংলাদেশ/আরএইচ/এইচএন

